



পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

জনসংযোগ দপ্তর

ফোন : ০৭৩১-৬৪৯৮১
ফ্যাক্স : ০৭৩১-৬৫১৩৪

সংবাদ বিজ্ঞপ্তি

তারিখ : ২১.০২.২০২১

পাবিপ্রবিত্তে মহান শহীদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস পালন

(২১.০২.২০২১) : পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের নবনির্মিত শহীদ মিনারে মহান শহীদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস যথাযথ মর্যাদায় পালন করা হয়েছে। একুশের প্রথম প্রহরে রাত ১২.০১ মিনিটে বিশ্ববিদ্যালয় প্রশাসনের পক্ষে উপাচার্য অধ্যাপক ড. এম রোস্তুম আলী, কোষাধ্যক্ষ অধ্যাপক ড. মো. আনোয়ার খসরু পারভেজ ও রেজিস্ট্রার (চলতি দায়িত্ব) বিজন কুমার ব্রহ্মা ফুল দিয়ে শহীদদের প্রতি শ্রদ্ধাঞ্জলি পান করেন।



২১ এর প্রথম প্রহরে ভাষা শহীদদের স্মরণে বিশ্ববিদ্যালয় শহীদ মিনারে শ্রদ্ধাঞ্জলি অর্পণ করেন পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় প্রশাসন

শ্রদ্ধাঞ্জলি শেষে উপাচার্য অধ্যাপক ড. এম রোস্তুম আলী বলেন, পাকিস্তানী সরকার উর্দুভাষা জোর করে আমাদের উপর চাপিয়ে দিতে চেয়েছিল। কিন্তু বাঙালিরা অন্যায় দাবী না মেনে বাংলাভাষা প্রতিষ্ঠায় আন্দোলন সংগ্রাম চালিয়ে যায়। ১৯৫২ সালের এই দিনে ভাষা আন্দোলনে সালাম, বরকত, রফিক, জব্বার, শফিউরসহ নাম না জানা আরো অনেকে শহীদ হন। শহীদদের আত্মত্যাগ আমাদের সবসময় স্মরণ করতে হবে। ভাষা আন্দোলনে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের গুরুত্বপূর্ণ অবদানের কথা উল্লেখ করে তিনি বলেন, মূলত ভাষা আন্দোলনের মধ্য দিয়ে যে বাঙালি জাতীয়তাবোধের জন্ম হয়, সেই ধারাবাহিকতাতেই আমাদের স্বাধীনতা অর্জন। নবনির্মিত শহীদ মিনারে ফুল দিয়ে তিনি আরো বলেন, বিশ্ববিদ্যালয়ে স্থায়ী কোন শহীদ মিনার না থাকায় আমি যোগদান করার পর থেকেই ছাত্র-ছাত্রীদের কাছে প্রতিশ্রুতি করেছিলাম যে, বিশ্ববিদ্যালয়ে একটি শহীদ মিনার নির্মাণ করবো। শিক্ষক-শিক্ষার্থী, কর্মকর্তা-কর্মচারীদের সকলের সহযোগিতায় আমরা শহীদ মিনার নির্মাণ করতে পেরেছি।



পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

জনসংযোগ দপ্তর

ফোন : ০৭৩১-৬৪৯৮১
ফ্যাক্স : ০৭৩১-৬৫১৩৪

কোষাধ্যক্ষ বলেন, একুশ বাঙালির একটি চেতনার নাম। একুশ আমাদের ঘুরে দাঁড়াতে শিখিয়েছে। রক্তের বিনিময়ে আমরা বাংলাভাষা পেয়েছি। এ ভাষাকে আমাদের ভালোবাসতে হবে এবং ভাষার মর্যাদা আমাদেরকে রক্ষা করতে হবে।

এসময় আরো উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন অনুষদের ডিন, হল প্রভোস্ট, প্রক্টর, ছাত্র উপদেষ্টা দপ্তরের পরিচালক, পরিবহন প্রশাসক, গেস্ট হাউজ প্রশাসক, বিভিন্ন দপ্তরের দপ্তর প্রধান, অফিসার্স এসোসিয়েশন এর সভাপতি ও সাধারণ সম্পাদক।

(২১.০২.২০২১) রবিবার সকাল ১০.৩০ টায় বিশ্ববিদ্যালয়ের শহীদ মিনারে ফুল দিয়ে শ্রদ্ধা নিবেদন করেন বঙ্গবন্ধু পরিষদ পাবিপ্রবি শাখা, প্রক্টর অফিস, ছাত্র উপদেষ্টা দপ্তর, বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান হল, শেখ হাসিনা হল, অফিসার্স এসোসিয়েশন, কর্মচারী পরিষদ, পরিবহন পুল, পরিকল্পনা, উন্নয়ন ও ওয়ার্কস দপ্তর, প্রকৌশল দপ্তর, পদার্থবিজ্ঞান সমিতি, অর্থনীতি বিভাগ, গণিত বিভাগ, রসায়ন পরিবার, আই সি ই বিভাগ, ব্যবসায় প্রশাসন বিভাগ, পরিসংখ্যাস বিভাগ, ইতিহাস ও বাংলাদেশ স্টাডিজ বিভাগ, বাংলা বিভাগ, সিভিল ইঞ্জিনিয়ারিং বিভাগ, ট্যুরিজম এন্ড হসপিটালিটি ম্যানেজমেন্ট বিভাগ, লোক প্রশাসন বিভাগ, ইইই বিভাগ, ইইসিই বিভাগ, রোভার স্কাউট গ্রুপ, প্রথম আলো বন্ধুসভা, পাস্ট ডিবেটিং সোসাইটি, পাবিপ্রবি শাখা ছাত্রলীগসহ বিভিন্ন সামাজিক ও সাংস্কৃতিক সংগঠন।

অনুষ্ঠানটি সঞ্চালনা করেন ইতিহাস ও বাংলাদেশ স্টাডিজ বিভাগের অধ্যাপক ড. মো. হাবিবুল্লাহ। মোনাজাতের মাধ্যমে অনুষ্ঠানের সমাপ্ত ঘোষণা করা হয়। বাদ যোহর বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় মসজিদে শহীদদের আত্মার মাগফিরাত কামনায় দোয়ার আয়োজন করা হয়।

বার্তা প্রেরক

মো. বাবুল হোসেন

জনসংযোগ কর্মকর্তা

পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, পাবনা

মোবাইল : ০১৯১৩৩৭৬৯২৫